


যুগান্তর

ইন্টারনেট উপযোগী বাংলা ভাষা বিষয়ে চুয়েটে কর্মশালা

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) ‘ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভাষা প্রযুক্তি’ স্লোগানে দুই দিনব্যাপী ‘গাণিতিক ভাষাতত্ত্ব ও বাংলা ভাষা প্রক্রিয়াজাতকরণ’ শীর্ষক প্রথম জাতীয় কর্মশালা শুরু হয়েছে। মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন। এতে বিশেষ অতিথি ছিলেন চুয়েটের ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম, ‘চুয়েট আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন প্রকল্প’ পরিচালক (উপ-সচিব) সৈয়দ জহুরুল ইসলাম, গিগা টেক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সামিরা জুবেরি হিমিকা। চুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক। চুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ‘চুয়েট আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন প্রকল্প’ বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি বিভাগ যৌথভাবে এ কর্মশালার আয়োজন করছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।